Chapter 9

Different Simple Sentence Patterns

পূর্ববর্তী ৫ম অধ্যায়ে আমরা clause বা simple sentence-এর compulsory এবং optional elements নিয়ে বিস্তারিত আলোচনা করেছি। এরপর ৮ম অধ্যায়ে আমরা বিভিন্ন tense-এ ব্যবহৃত বিভিন্ন রকম বাক্যেরও structural patterns দেখিয়েছি। Compulsory এবং optional elements-এর variety অনুসারে ইংরেজি বাক্যের pattern-ও নানাবিধ হয়ে থাকে। এই অধ্যায়ে আমরা simple sentence-এরই নানাবিধ pattern উদাহরণসহ দেখাব।

Pattern 1 : S + Vi

(Subject + Intransitive verb)

এই pattern-এ basic item দু'টো : subject এবং predicator বা verb phrase. Verb phrase যে কোন tense-এ লেখা যাবে। শুধুমাত্র মনে রাখতে হবে verb-টা যেন intransitive হয়। Intransitive verb-এর পরে কিছুই না বসতে পারে কিংবা এক বা একাধিক adverbial বসতে পারে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

Birds fly.
Cocks crow.
Man can laugh.
Some students are shouting in the class.
The train has arrived at the station.
He worked very hard.
She was walking very fast.
I shall not sleep now.
Does money grow on trees?
The winter has set in. (শীতকাল শুরু হয়েছে।)

Pattern 2 : Subject + Vp

(Subject + Passive verb)

এই pattern-এও basic item দু'টো : Subject এবং Predicator বা verb phrase. এখানকার verb-টা passive কিন্তু function-এর দিকে থেকে intransitive অর্থাৎ-এর পরেও কিছু না বসতে পারে কিংবা এক বা একাধিক adverbial বসতে পারে। এই pattern-এ তোমরা বিভিন্ন tense-এ বাক্য লিখতে পারো। নীচের বাক্যগুলো লক্ষ কর :

The patient has been hospitalised.
The man was killed.
He will be invited
The dinner is being cooked.
He was born in Rajshahi.
This road will be repaired soon.
The opposition activists were arrested by the police.
This college was established in 1995.
He will be called here tomorrow.
She was exempted from his duty.

এ ধরনের বাক্যকে passive থেকে active voice-এ রূপান্তর করা সম্ভব কিন্তু সেক্ষেত্রে বাক্যটির structural pattern বদল হয়ে যাবে। যেমন :

We have hospitalised the patient.
They killed the man.

Passive voice-এ doer না থাকলেও active voice-এ একটা doer কল্পনা করে নিতে হয়।

Pattern 3 : S + L-v + Cs

(Subject + Linking verb + Complement to the subject)

এই pattern-এ basic structural elements তিনটা : Subject, Predicator এবং Complement. Predicator হিসেবে ব্যবহৃত verb-টি "be" verb-ও হতে পারে অথবা অন্য কোন linking verb-ও হতে পারে। Complement হিসেবে ব্যবহৃত adjective কিংবা nominal উপাদানটিকে subject-এর সঙ্গে identical বা অভিন্ন হতে হবে। The complement will either modify the subject or refer to the subject. অতিরিক্ত element হিসেবে complement-এর পরে adverbial যোগ করা যাবে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

The man is tall.
The milk went bad.
The decoration was very tasteful.
He will be a teacher in future.
She got nervous before the selection board.
He was disappointed in love.

এই pattern-এর linking verb-টা passive-ও হতে পারে। যেমন :

The patient was declared dead.
He is called a genius.
He has been elected chairman.
The bird will be shot dead.
The university was declared closed sine die. (অনির্দিষ্ট কালের জন্য)

Pattern 4 : S +Vt + Od

(Subject + Transitive verb + Direct object)

এই pattern-এ transitive verb-এর পরে একটা মাত্র object বসাতে হবে। Object-এর মূল বৈশিষ্ট্য দু'টি : প্রথমত, an object is always a nominal (a noun or anything equivalent to a noun) এবং দ্বিতীয়ত, it must be different from the subject অর্থাৎ object-কে অবশ্যই nominal হতে হবে এবং subject থেকে ভিন্ন হতে হবে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

He has written a lot of books.
We bought a new house.
We should love our parents.
I admire her.
You are doing a good job.

অতিরিক্ত element হিসেবে তোমরা object-এর পরে এক বা একাধিক adverbial যোগ করতে পারো। যেমন :

We will buy a car next week.
I cleaned the room with a mop.
She did her MA last year with a good grade.
They completed the work successfully.
Everybody criticizes him bitterly for his dishonesty.

এই pattern-এ transitive verb-টা ক্ষেত্র বিশেষে passive-ও হতে পারে। যেমন :

He was given a wonderful gift.
I am taught English by a private tutor.
She was asked a difficult question.

এই বাক্যগুলোতে verb-এর পরে যে noun phrase-টা আছে তা subject থেকে ভিন্ন। সে কারণেই এই noun phrase-টা একটা object এবং passive verb-টা একটা transitive verb.

উপরের active বাক্যগুলোকেও passive করা যাবে। যেমন :

A lot of books have been written by him.
A new house was bought by us.

কিন্তু এই passive বাক্য দু'টির structural pattern আলাদা। এদের মধ্যে কোন transitive verb এবং direct object নেই।

Pattern 5 : S + Vt + Oi + Od

(Subject + Transitive verb + Indirect object + Direct object)

এই pattern-এর transitive verb-টি ditransitive, কারণ এর পরে দু'টি object আছে। দু'টি object-এর বৈশিষ্ট্য হচ্ছে তারা element হিসেবে nominal এবং তারা উভয়ই শুধু subject থেকে ভিন্ন নয়, পরস্পরও ভিন্ন। আমরা জানি, indirect object হচ্ছে direct object-এর receiver বা beneficiary অর্থাৎ ফলভোগকারী। নীচের বাক্যগুলো লক্ষ কর :

My private tutor teaches me mathematics.
Father sent me money.
I shall write her a letter.
Grandmother told us a story.
He asked you a difficult question.

চারটি basic element-এর সঙ্গে extra element হিসেবে এক বা একাধিক adverbial-ও যোগ করা যায়। যেমন :

I gave her a flower on her birthday.
My mother made me a jumper last year.

একটা ব্যাপার মনে রাখতে হবে এই structure-এ direct হিসেবে কোন pronoun ব্যবহার করা যায় না। যেমন, আমরা বলতে পারি, "He gave me this book" কিন্তু "this book"-এর পরিবর্তে আমরা বলতে পারব না "He gave me it"; বলতে হবে "He gave it to me". এক্ষেত্রে indirect object-টা prepositional object বা completive হয়ে যায়। "Father bought me a new shirt" জাতীয় বাক্যকেও ঘুরিয়ে লেখা যায় "Father bought a new shirt for me".

Pattern 6 : S + Vt + Od + Co

(Subject + Transitive verb + Direct object + Complement to the object)

এই pattern-এর transitive verb-টিকে বলা হয় complex transitive যার পরে থাকে একটা object এবং সেই object-এর একটা complement. Object-টাকে হতে হয় nominal এবং subject থেকে ভিন্ন কিন্তু complement-টাকে হতে হয় identical to the object অর্থাৎ object এবং complement একই ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে। complement-টা nominal-ও হতে পারে আবার adjective-ও হতে পারে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

I shot the bird dead. (adjective)
We consider her a good singer. (noun phrase)
He wants his tea hot.
They called it a meaningless dialogue.
We elected him our leader.
They have named their cat Mini.
The judges adjudged her the best performer.
The chairman declared the programme open.

এই pattern-এ transitive verb-এর পরে object (doee) থাকায় উপরের যে কোন বাক্যকে passive voice-এ রূপান্তর করা যাবে। তবে passive voice-এর pattern আবার ভিন্ন হয়ে যাবে। যেমন :

The bird was shot dead.
She is considered a good singer.

এখানে passive verb-টি linking verb-এর বৈশিষ্ট্য অর্জন করেছে।

Pattern 7 : It +Be + Noun / Adjective

'It' in this pattern is an empty subject which has no meaning of its own অর্থাৎ এই pattern-এ 'It' হচ্ছে একটা empty subject যার নিজস্ব কোন অর্থ নেই। এই ধরনের subject-এর পরে "be" verb এবং noun/adjective যোগ করে অর্থবহ sentence গঠন করা হয়। সাধারণত আবহাওয়া, সময়, এবং দূরত্ব সম্পর্কিত statement কিংবা question তৈরি করতে এই pattern-টি ব্যবহার করা হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

About weather : It is very sunny today.
It was very cold yesterday.
It is very breezy/windy/stormy here.
It is quite stuffy (গুমোট) in here.
It is not so hot today.
Was it snowy there last week?

About Time : It is 9 o'clock in Bangladesh now.
It is a quarter to/of/till ten. (পৌনে দশটা)
It is a quarter past/after ten. (সোয়া দশটা)

[N. B. উপরের বাক্য দু'টিতে "to" এবং "past" ব্যবহৃত হয় British ইংরেজিতে এবং "of"/"till" এবং "after" ব্যবহৃত হয় American ইংরেজিতে।]

What time is it now?
What day is it today?

About Distance : It is two miles to the bus stand.
How far is it from Rangpur to Saidpur?

আবহাওয়া, সময় এবং দুরত্ব বুঝানো ছাড়াও আরো অনেক ধরনের expression-এ "it"-কে empty subject হিসেবে ব্যবহার করা হয়। যেমন :

It is getting dark.
It does not matter what colour it is.
It is very kind of you.
It is fun talking with her.
It cost me a lot of money to repair the broken car.
It is no use shouting.
It seems wise to postpone the meeting.
It was raining this morning.

এ বাক্যগুলোর মধ্যে কোন কোনটার মধ্যে প্রকৃত subject পরে বসেছে। প্রকৃত subject-টাকে সামনে এনেও অন্য pattern-এর বাক্য তৈরি সম্ভব। যেমন :

What colour it is does not matter. (এটার রং কি তাতে কিছু আসে যায় না।)
Talking with her is fun. (তার সঙ্গে কথা বলা একটা মজার ব্যাপার।)
Shouting is no use. (চিৎকার করে কোন লাভ নেই।)
To postpone the meeting seems wise. (মিটিংটা স্থগিত করাই বুদ্ধিমানের কাজ মনে হয়।)

"It" দ্বারা শুরু হওয়া বাক্যগুলোতে এই ধরনের subject গুলোকে delayed বা postponed subject বলা হয়। এগুলোই হচ্ছে আসল অর্থবহ subject কিন্তু তাদের অবস্থান হয় বাক্যের শেষ দিকে।

Pattern 8 : There + Be + Subject

এই pattern-এও পূর্ববর্তী pattern-এর "it"-এর মত "there" হচ্ছে একটা empty subject যার নিজস্ব কোন অর্থ নেই। এখানে "Be" verb-এর পরে delayed /

postponed subject ব্যবহার করা হয়। সাধারণত কোথাও কিছু আছে, ছিল অথবা থাকবে বুঝাতে এই structural pattern ব্যবহার করা হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

There is a football field beside our school.
There was a garden in front of our house.
There will be an airport in this area.
There are sixty students in this class.
There were once many ponds in Rajshahi city.
There will be many people on the visa sanction list.

এই pattern-এর negative এবং interrogative form গুলো এরকম :

There is no bright student in this class.
There was never a school in this village.
Is there any post office around here?
Are there any/many mangoes in the basket?
How many teachers are there in your department?
Who is there at the door?
How much water was there in the pitcher?

Empty subject হিসেবে "there"-এর পরে "be" ছাড়া অন্য verb-ও বসতে পারে। যেমন :

There goes the bell.
There followed a riot.
There seems to be no peace in your life.

Pattern 9 : Verb + Noun /Adjective/Adverb

এটা হচ্ছে Imperative sentence-এর pattern যেখানে subject দৃশ্যমান থাকে না। এ ধরনের sentence মূল verb কিংবা auxiliary verb দিয়ে শুরু হয় এবং মূল verb-টির grammatical function এবং nature অনুসারে তার পরে noun কিংবা adjective কিংবা adverb বসে। নীচের বাক্যগুলোতে verb-এর category অনুসারে পরবর্তী শব্দ বা phrase নির্ধারণ করা হয়েছে।

Transitive verb + Object

Clean your teeth everyday.
Eat nutritious food.
Don't tell a lie.
Don't take any alcoholic drink.

Linking verb + Adjective /Noun

Keep quiet.
Don't be silly.
Don't become a bad doctor.
Stay safe and fine.

Intransitive verb + Adverbial

Walk fast.
Read attentively.
Don't sit on this bench.
Don't smoke here.

Pattern 10 : S + Vi + Present Participle

আমরা জানি, the present participle form of a verb has different grammatical functions অর্থাৎ present participle-কে একটা বাক্যে নানাভাবে ব্যবহার করা যায়। এই pattern-এ একে ব্যবহার করা হয় verb-এর modifier অর্থাৎ adverb হিসেবে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

Let us go hunting.
The girl has gone shopping.
We went picnicking.
They came laughing and dancing together.
The boy went away crying.

এখানে প্রত্যেকটা বাক্যের present participle-ই তার পূর্ববর্তী verb-কে modify করেছে। নীচের pattern দু'টিতে present participle-এর আরো দু'টি ব্যবহার দেখো।

Pattern 10 : S + Vt + Present Participle

এই pattern-এ transitive verb-এর পরে object হিসেবে present participle ব্যবহার করা হয়। Noun হিসেবে কাজ করায় এর নাম হয়ে যায় gerund. এই pattern-এর একক শব্দ হিসেবেও present participle-টা বসতে পারে অথবা gerundial phrase-এর headword হিসেবেও participle-টা ব্যবহৃত হতে পারে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

I enjoy swimming.
She loves talking.
Have you finished walking?

I hate telling lies.
Do you suggest giving up smoking?

এই pattern-এ যে সব verb-কে transitive হিসেবে ব্যবহার করা যায় তাদের মধ্যে পড়ে :

begin, start, stop, remember, mind, help, consider, avoid, advise, deny ইত্যাদি।

Pattern 11 : S + Vt + Od + Present Participle

এই pattern-এ transitive verb-এর পরে object হিসেবে একটা nominal (noun, pronoun বা noun phrase) বসে এবং তারপর একটা present participle বসে ঐ object-এর modifier হিসেবে। সুতরাং function বিবেচনায় এই participle-টা adjective হিসেবে কাজ করে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

I saw the boy walking.
The teacher found Rima cheating in the exam.
He did not hear her singing.
I saw it raining hard.
Keep the water boiling.

নীচের verb গুলোকেও তোমরা এই pattern-এ transitive verb হিসেবে ব্যবহার করতে পারো :

watch, notice, observe, catch, set, get

Pattern 12 : Subject + need / bear / want + Gerund

এই pattern-এ মূল verb গুলো transitive এবং present participle-টি gerund হিসেবে object-এর ভূমিকা পালন করে। এখানে gerund-টি passive infinitive-এর সমতুল্য। নীচের বাক্যগুলো লক্ষ কর :

Your shoes need mending (meaning 'to be mended'). (তোমার জুতাগুলো সারানো প্রয়োজন।)
The baby needs feeding (= to be fed). (বাচ্চাটিকে খাওয়ানো দরকার।)
His obscene words don't bear repeating (= are so bad to be repeated). (তার অশ্লীল কথাগুলো পুনরায় বলার মত নয়।)
This work wants doing at once (= to be done). (এই কাজটি এক্ষুনি করা প্রয়োজন।)

Pattern 13 : S + Vi + to-infinitive

এই pattern-এ intransitive verb-এর পরে verb-টিকে modify করতে adverbial of purpose হিসেবে "to + infinitive" ব্যবহার করা হয়। অর্থাৎ এখানে infinitive phrase-টার কাজ হচ্ছে verb দ্বারা নির্দেশিত কাজের উদ্দেশ্য উল্লেখ করা। নীচের বাক্যগুলো লক্ষ কর :

He stopped to take rest. (তিনি বিশ্রাম নেয়ার উদ্দেশ্যে থামলেন।)
We walked fast to catch the train.
I waited to see him.
We eat to live. (আমরা বেঁচে থাকার জন্য খাই।)
They worked hard to pass the examination.
She stood up to ask a question.
I sat down to take rest.
The played well to win the match.

Pattern 14 : S + Vt + to-infinitive

এই pattern-এ transitive verb-এর পরে object হিসেবে "to-infinitive" ব্যবহৃত হয়। object হিসেবে "to-infinitive"-এর যথার্থতা প্রমাণের জন্য transitive verb-টির পরে "it" ব্যবহার করে দেখতে পারো। "It" যদি সেখানে acceptable হয় তাহলেই প্রমাণ হবে verb-টি transitive. যেমন :

The boy wants to go.
The boy wants it.

দু'টো বাক্যই যেহেতু correct অতএব, "to go" একটা object এবং verb-টা transitive. এই pattern-এর নীচের বাক্যগুলোও লক্ষ কর :

I forgot to put on my glasses.
They decided to arrange a picnic.
I would like to learn English.
Do you expect to pass the test?
I promise to help you.
How did you try to get the job?

আরো যে সব verb-কে এই pattern-এ transitive হিসেবে ব্যবহার করতে পারো তাদের মধ্যে পড়ে : fear, prefer, love, hate, agree, choose, propose, wish, dislike, refuse, remember ইত্যাদি।

Pattern 15 : Subject + be / have + to-infinitive

এই pattern-এ finite verb হিসেবে "be" অথবা "have" ব্যবহার করা হয়। তবে দু'টোর মধ্যে একটা অর্থগত পার্থক্য আছে। যখন infinitive দ্বারা নির্দেশিত কাজটি করতে subject-এর উপর বাহ্যিক কোন প্রভাব থাকে তখন am/is/are/was/were ব্যবহার করা হয়। যেমন :

I am to do this work.
He is to leave the place.
They are to vote for the party in power.
He was to give up smoking.
We were to accept the proposal.
(আমরা প্রস্তাবটা গ্রহণ করতে বাধ্য হয়েছিলাম অর্থাৎ প্রস্তাবটি গ্রহণ করার জন্য আমাদের উপর বাহ্যিক চাপ ছিল।

পক্ষান্তরে, if the subject appreciates the necessity of doing the work অর্থাৎ নিজের প্রয়োজনে কোন কাজ করা আবশ্যক হলে সেখানে have/has/had ব্যবহার করতে হয়। যেমন :

I have to visit a dentist.
He has to consult a doctor.
They had to come here.

এখানে বুঝানো হয়েছে, subject নিজের প্রয়োজনে কাজটি করেছিল বা করবে; ঐ কাজ করার জন্য অন্য কারো কোন চাপ নাই বা ছিল না।

এই pattern-এর বাক্যগুলোতে "to"-এর পরে transitive verb থাকলে তাদের passive transformation সম্ভব। যেমন :

Active : I have to visit a dentist.
Passive : A dentist has to be visited.
Active : He was to give up smoking.
Passive : Smoking was to be given up.

এই pattern-এর আরো কয়েকটা উদাহরণ লক্ষ কর :

Am I to do it right away?
Were you to sleep on the floor?
Had they to attend the seminar?
Was the doctor to be called in?
Had it to be done on that very day?

Pattern 16 : S + L-v + Adjective + to-infinitive

The function of the "to + infinitive" in this pattern is to modify the adjective that comes after a linking verb অর্থাৎ এই pattern-এ "to + infinitive"-এর কাজ হচ্ছে একটা linking verb-এর পরে ব্যবহৃত adjective-কে modify করা। ইতিবাচক ধারণা প্রকাশ করতে সাধারণত adjective-টির পর "enough" adverb-টি ব্যবহার করা হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

I am strong enough to lift this heavy box.
(আমি এই ভারী বাক্সটা তোলার জন্য যথেষ্ট শক্তিশালী।)
The money was adequate enough to meet my need.
He was confident enough to pass the exam.

পক্ষান্তরে, নেতিবাচক ধারণা প্রকাশ করতে এই pattern-এ adjective-এর আগে "too" adverb-টি ব্যবহার করা হয়। যেমন :

The patient was too weak to speak.
(রোগীটা এত দুর্বল ছিল যে কথা বলতে পারছিল না।)
They are too poor to buy a house.
The writer was too young to say 'no' to a woman.

এই pattern-এ infinitive phrase-টা আবার passive-ও হতে পারে। যেমন :

He was too strong to be defeated.
(সে এত শক্তিশালী ছিল যে তাকে পরাজিত করা যায়নি।)
These problems are too difficult to be solved.
The girl is too beautiful to be ignored.
He was too nice to be hated.

Pattern 17 : S + Vt + Od + to-infinitive

This pattern is used when the subject asks or wants the object to do or not to do something অর্থাৎ subject যখন চায় object কিছু করুক কিংবা না করুক তখন এই pattern-টি ব্যবহৃত হয়। নীচের positive বাক্যগুলো লক্ষ কর :

I asked the boy to keep standing.
He wants me to wait for him.
She advised her son to read English.
Do you require me to stay with you?
They allowed their followers to leave the place.

এবার negative বাক্যগুলো লক্ষ কর :

He does not want me to stay here.
She never asks me to do any illegal job.
I advised him not to spend money lavishly.
You did not like me to ask questions.
Didn't you request him to help you?

এই pattern-এও infinitive phrase-টা passive হতে পারে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

I don't want it to be done right now.
He does not like me to be defeated.
She wanted her husband to be elected MP.
I expected this question to be answered by every student.
I ordered the clerk to be sacked.

এই pattern-এ transitive verb হিসেবে নীচের verb গুলোকেও তোমরা ব্যবহার করতে পারো :

tell, command, persuade, convince, encourage, urge, force, compel, tempt, help এবং permit

Pattern 18 : S + Vt + Od + Bare infinitive

এই pattern-এর object-টা কোন কাজ সম্পাদন করে ফেলেছে বুঝাতে bare infinitive ব্যবহার করা হয়েছে। যেমন, "I saw him cross the road" বাক্যটির অর্থ হচ্ছে, আমি দেখলাম তিনি রাস্তাটি পার হলেন। এখানে বুঝানো হয়েছে যে বক্তা রাস্তা পার হওয়া ব্যক্তিটার কাজটা প্রথম থেকে শেষ পর্যন্ত দেখেছিলেন।

পক্ষান্তরে, bare infinitive-এর স্থলে present participle বসালে কাজটির চলমান অবস্থা বুঝাবে। যেমন, "I saw him crossing the road" বাক্যটির অর্থ হচ্ছে, আমি দেখলাম তিনি রাস্তাটি পার হচ্ছেন। অর্থাৎ বক্তার দেখার মুহূর্তে লোকটার রাস্তা পার হওয়ার কাজটা চলছিল।

Pattern-18 অনুসরণ করে লিখিত আরো কয়েকটা বাক্য লক্ষ কর :

I heard him sing a song.
He found me clean the room.
They noticed the boy smoke a cigarette.

তবে এই pattern-এ ভিন্ন ভিন্ন অর্থে transitive verb হিসেবে help, make, let এবং bid-এর ব্যবহার লক্ষ কর :

I helped him cross the road.
(আমি তাকে রাস্তা পার হতে সাহায্য করলাম।)
He made me cry. (তিনি আমাকে কাঁদালেন।)
Did you let him go? (তুমি কী তাকে যেতে দিয়েছিলে?)
I bade him leave the house. (আমি তাকে বাসা থেকে চলে যেতে বলেছিলাম।)

Pattern 19 : Subject + Vt + Question word + to-infinitive

এই pattern-এ শেষের দু'টি item (question word এবং infinitive phrase) একত্রিত হয়ে transitive verb-টার object হিসেবে কাজ করে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

I know how to swim.
He could not decide what to do.
Don't forget when to return.
She knew whom to meet.
I wonder where to go.
Let me consider how to solve the problem.
He explained how to make tea.

Pattern 20 : S + Vt + Object + Question word + to-infinitive

এই pattern-এ transitive verb-এর পরে indirect object এবং পরের দু'টি item (question word এবং infinitive phrase) একত্রে direct object হিসেবে কাজ করে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

I shall tell you how to use this dictionary.
He taught me how to speak English.
We asked her how to go there.
I told them what to do.
They asked me where to sit.
She asked the doctor when to take the medicine.
Can you tell me how to operate this machine?
Would you advise me what to do now?

Pattern 21 : S + Vt + Od + Past Participle

এই pattern ব্যবহার করে কাউকে দিয়ে কিছু করিয়ে নেয়া বুঝায়। এখানে object-পরবর্তী past participle-টা object-এর modifier হিসেবে কাজ করে। গোটা বাক্যটি একটা passive sense carry করে। কখনও কখনও by phrase ব্যবহার করে কাজের

doer-কে উল্লেখ করা হয়। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে doer-কে উল্লেখ করা হয় না। নীচের বাক্যগুলো লক্ষ কর:

I got the letter written by my brother.
(এখানে লেখার কাজটির doer হচ্ছে আমার ভাই।)
He had the room cleaned by his servant.
Do you want your egg poached?
I heard my name called.
He got his son admitted in a college.
They found the house abandoned (পরিত্যক্ত).

Pattern 22 : S + Be + Adverbial

এই pattern-এ "be" verb ব্যবহৃত হয় intransitive হিসেবে যার জন্য এর পরে এক বা একাধিক adverbial (a single adverb অথবা prepositional adverbial phrase) ব্যবহার করা হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

I am now in my office.
He is upstairs at the moment.
These gifts are for you.
The speech was on modern poetry.
The doctor was not in his chamber then.
They were on the bus.
Where are you now?
When will you be in your office?

Pattern 23 : Question word + Be + Subject

এই pattern ব্যবহার করে "wh" question তৈরি করা হয়। Question word-টা (কোন কোন ক্ষেত্রে phrase) adverb হলে তা "be" verb-কে modify করবে এবং noun/adjective হলে তা subject-কে modify করবে বা describe করবে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

Where is your pen?

এই বাক্যে "where" হচ্ছে adverb এবং "is" হচ্ছে একটা intransitive verb.

How are you?

এই বাক্যে "How" হচ্ছে adjective এবং "are" হচ্ছে একটা linking verb.

Whose book is it?

এখানে "whose book" একটা noun phrase এবং "is" হচ্ছে একটা linking verb.

Linking verb-এর ক্ষেত্রে subject-এর পরে adjective বসতে পারে। যেমন :

When are you free?
Why were you inattentive?
How were the people safe?
Where was he present?
Why am I angry?

এই বাক্যগুলোতে শেষের শব্দটি পূর্ববর্তী subject-এর complement হিসেবে ব্যবহৃত হয়েছে।

Pattern 24 : S + Vt + Od + Prepositional Phrase

এই pattern-টি আসলে পূর্ববর্তী pattern 5-এর বিকল্প। যেমন, pattern-5 (S + Vt + Oi + Od)-এর উদাহরণ হচ্ছে :

I gave her a bouquet of flowers.

এই বাক্যটিরই বিকল্প হিসেবে আমরা pattern 24 অনুযায়ী লিখতে পারি :

I gave a bouquet of flowers to her.

আগের বাক্যের indirect object-টা পরের বাক্যে Prepositional phrase-এর completive হিসেবে ব্যবহৃত হয়েছে। কোন কোন grammarian এটাকে prepositional object হিসেবেও গণ্য করেন। নীচের বাক্যগুলোও লক্ষ কর :

I showed my album to my friend.
The teacher gave an exam to his students.
He bought a wonderful gift for me.
I offered help to them.
Did you ask any question to him?

Pattern 25 : It + Be + Adjective / Noun + gerundial phrase

এই pattern-এ প্রথম "It" হচ্ছে একটা empty subject এবং শেষের gerundial phrase-টা হচ্ছে আসল অর্থবহ delayed subject. নীচের বাক্যগুলো লক্ষ কর :

It is nice meeting you.
It is no use sitting here.
It was amusing visiting the zoo.
It has been a pleasure travelling with you.
It is no good talking with her.
It is useless spending money on this project.

Delayed subject-টিকে সামনে এনে এই বাক্যগুলোকে এভাবে লেখা যায়। যেমন :

Visiting the zoo was amusing.
Spending money on this project is useless.
Talking with her is no good.

Pattern 26 : It + take + Noun /Pronoun + Time duration + to-infinitive

কারো কোন কিছু করতে কতটুকু সময় লাগে সেটা বুঝাতে এই pattern ব্যবহার করা হয়। এখানেও "It" হচ্ছে একটা empty subject. নীচের বাক্যগুলো লক্ষ কর :

It takes me only ten minutes to walk to my work. (আমার কর্মস্থলে হেঁটে যেতে আমার মাত্র দশ মিনিট সময় লাগে।)

It took her two months to recover from illness. (অসুস্থতা থেকে সেরে উঠতে তার দু'মাস সময় লেগেছিল।)

It will take you maximum half an hour to read this story. (এই গল্পটা পড়তে তোমার সর্বোচ্চ আধা ঘণ্টা সময় লাগবে।)

এই pattern-এ "take"-এর পরিবর্তে "cost" ব্যবহার করে কোন কিছু করার বা কেনার খরচ বুঝানো হয়। যেমন :

It costs me a lot of money to bear his educational expenses.
It cost me more than 50 lakh taka to make this building.
It will cost you no money to publish the book.

Pattern 27 : It + be + Adjective + to-infinitive

এই pattern-এও "It" একটা empty subject এবং "to-infinitive" phrase-টা হচ্ছে real এবং delayed subject. নীচের বাক্যগুলো লক্ষ কর :

It is easy to say.
It is difficult to give up a habit.
It is bad to borrow money.
Is it hard to pass the test?
Is it not cruel to slaughter animals?

Infinitive phrase-টাকে সামনে এনেও এই বাক্যগুলোকে rewrite করা যায়। যেমন:

To say is easy.
To borrow money is bad.

Pattern 28 : S + Be + Adjective + to-infinitive

এই pattern-এ "be" একটা linking verb এবং infinitive phrase-এর কাজ হচ্ছে adjective-টাকে modify করা। নীচের বাক্যগুলো লক্ষ কর :

He is very hard to please.
This passage is not easy to translate.
This food is difficult to digest.
This medicine is pleasant to take.
This soup is sweet to taste.

Pattern 29 : Noun/Adjective Complement + S + L-v

This is a pattern of exclamatory sentences. নীচের বাক্যগুলো লক্ষ কর :

What a tragedy it is!
What a terrible noise it was!
How beautiful the girl is!
How sunny the weather is!
How ugly the crow looks!
How sweet the music sounds!

Pattern 30 : Noun/Adverbial + S + Vt/Vi

Exclamatory sentence-এর শুরুতে object এবং শেষে transitive ব্যবহার করা যায়। যেমন :

What a terrible noise they made!
What a sweet song she sang!
How nice a poem he has written!

আবার শুরুতে adverbial phrase ব্যবহার করলে শেষে intransitive verb ব্যবহার করা যায়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

How fast time flies!
How beautifully the girl danced!
How sweetly the cuckoo sings!

এই অধ্যায়ে আমরা অনেকগুলো simple sentence-এর structural pattern দেখালাম। পরবর্তী অধ্যায়ে আমরা complex sentence নিয়ে আলোচনা করব।

Practice Part

1. Identify the basic structural elements of the following sentences. One is done for you.

   The bird was shot dead.

   Pattern : Subject + linking verb (passive) + complement to the subject.

   a) The picture was hanging on the wall.
   b) He was expelled from the examination hall for adopting unfair means.
   c) The chairman of our department gave away the prizes.
   d) They held the driver responsible for the accident.
   e) The minister delivered a long speech on that occasion.
   f) The project proved totally unsuccessful.
   g) I wish you every success in your life.
   h) The girl started crying to see me.
   i) It is impossible for me to see you tomorrow.
   j) I enjoy swimming in the sea.
   k) He saw me playing in the field.
   l) There were sixty passengers on the boat.
   m) They used to live in my neighbourhood.
   n) We should help the poor in their hardship.
   o) It is very snowy today.
   p) Can you kindly pass me the pen?
   q) Take off your shoes before entering the mosque.
   r) There comes a wild dog.
   s) I got my hair cut at a local hairdresser's.
   t) We saw the man drive away.

2. Write your own sentences on the following patterns using the verbs in the brackets. You can add one or two adverbials to your basic items :

   a) S +Vi (sit, sink, wait and shout)
   (Write your sentences in different tenses.)

b) S+ passive verb (sell, distribute, send, and decorate)
c) S + L-v + Cs (run, sound, grow, and seem)
d) S + Vt + Od (watch, clean, build, and hold)
e) S + Vt + Oi + Od (show, ask, bring, and tell)
f) S + Vt + Od + Co (declare, make, stab, and select)
g) S + Vt + present participle (mind, avoid, and enjoy)
h) S + Vt + object + present participle (watch, catch, and hear)
i) There + be verb + subject (was, were, and are)
j) S +Vt + object + to-infinitive (ask, invite, and encourage)

Chapter 10

Complex Sentences

পূর্ববর্তী "Clauses and their Structures" শীর্ষক ৫ম অধ্যায়ে আমরা clause এবং তার structure নিয়ে বিস্তারিত আলোচনা করেছি। একটা clause একাই একটা sentence তৈরি করতে পারে (যার নাম simple sentence) অথবা একটা বড় sentence (complex কিংবা compound)-এর অংশ হিসেবেও কাজ করতে পারে। এক clause বিশিষ্ট simple sentence-এর clause-টি সব সময়ই স্বাধীনভাবে একটা পূর্ণাঙ্গ অর্থ প্রকাশ করে। এ ধরনের clause-কে সব সময়ই আমরা independent/ Principal/Main clause হিসেবে অভিহিত করব। কিন্তু Complex sentence গঠন করতে একাধিক clause-এর প্রয়োজন হয়। সেক্ষেত্রে একটা মাত্র independent clause থাকে যা অন্য clause টার/গুলোর সাহায্য ছাড়াই পূর্ণাঙ্গ অর্থ প্রকাশ করতে পারে। Complex sentence-এর অন্য clause গুলো (এক বা একাধিক) স্বাধীন নয় অর্থাৎ তারা Independent clause-টির সাহায্য ছাড়া একাকী দাঁড়াতে পারে না। তাদের কোন স্বাধীন সত্ত্বা নেই। Main clause-এর উপর নির্ভরশীল এ ধরনের clause-কে dependent/subordinate clause বলা হয়। নীচের বাক্যটি লক্ষ কর :

I shall go home when the rain stops. এখানে "I shall go home" একটা clause কারণ-এর মধ্যে clause গঠনের প্রয়োজনীয় elements (subject, predicator এবং adjunct) আছে। "when the rain stops" ও একটা clause কারণ এর মধ্যেও clause-এর প্রয়োজনীয় elements আছে। তবে দু'টো clause-এর মধ্যে একটা পার্থক্য হচ্ছে এই যে, প্রথমটা একাই একটা পূর্ণাঙ্গ অর্থ প্রকাশ করে কিন্তু দ্বিতীয়টা একাকী দাঁড়াতে পারে না এবং এর কোন পূর্ণাঙ্গ অর্থ নেই। পুরো বাক্যটা হচ্ছে একটা complex sentence যার প্রথম clause হচ্ছে একটা Independent clause এবং দ্বিতীয় clause হচ্ছে একটা dependent clause বা subordinate clause. একটা subordinate clause যে শব্দটা দিয়ে শুরু হয় তাকে বলা হয় subordinating conjunction বা সংক্ষেপে subordinator. উপরের complex sentence-টিতে "when" শব্দটি একটা subordinator. Complex sentence-এ ব্যবহৃত subordinate clause গুলোকে তাদের function অনুযায়ী তিন ভাগে ভাগ করা হয় : Noun clauses, Adjective clauses এবং Adverbial clauses. আমরা এখন এই তিন ধরনের clause নিয়ে বিস্তারিত আলোচনা করব।

1. Noun Clauses

The noun clause is a subordinate clause used in a complex sentence and its function is like that of a noun or noun phrase in a simple sentence অর্থাৎ noun clause হচ্ছে complex sentence-এ ব্যবহৃত একটা subordinate clause যার grammatical function হচ্ছে simple sentence-এ ব্যবহৃত কোন noun বা noun phrase-এর মত। নীচের বাক্য দু'টি লক্ষ কর :

We know the fact.
We know that the earth is round.

এখানে প্রথম বাক্যটি simple sentence এবং "the fact" phrase-টি "know" verb-এর object হিসেবে ব্যবহৃত হয়েছে। কিন্তু দ্বিতীয় বাক্যটি complex কারণ "know" verb-এর object হিসেবে এখানে একটা subordinate clause ব্যবহার করা হয়েছে এবং object হিসেবে কাজ করেছে বলেই "that the earth is round" একটা noun clause. একটা noun বা noun phrase যেমন simple sentence-এর বিভিন্ন জায়গায় বসে বিভিন্ন রকম কাজ করতে পারে ঠিক তেমনই noun clause-ও complex-এর বিভিন্ন স্থানে বসে বিভিন্ন রকম কাজ করতে পারে। নীচের simple sentence গুলোতে একটা phrase-এরই বিভিন্ন অবস্থান ও function লক্ষ কর :

My friend is a doctor. (প্রথম অবস্থানে subject হিসেবে)
This man is my friend. (Linking verb-এর পরে complement to the subject হিসেবে)
I love my friend. (Transitive verb-এর পরে direct object হিসেবে।)
He showed me my friend. (Indirect object-এর পরে direct object হিসেবে।)
I consider him my friend. (Direct object-এর পরে complement to the object (হিসেবে।)
I sent my friend a gift. (Transitive verb-এর পরে indirect object হিসেবে।)
I went there with my friend. (Preposition-এর পরে completive হিসেবে।)
Mr. Karim, my friend, is an honest man. (Noun-এর পরে appositive হিসেবে।)

উপরের আটটি simple sentence-এ noun phrase-এর আট রকম ব্যবহার দেখানো হয়েছে। নীচে আমরা noun clause-এরও আট রকম ব্যবহার দেখাব। যেটা বুঝতে সবচেয়ে সহজ সেটা দিয়েই শুরু করব।

a) Transitive verb-এর পরে direct object হিসেবে : When the noun clause is used as an object, the verb in the preceding principal clause must be transitive অর্থাৎ কোন noun clause-কে যখন আমরা object হিসেবে ব্যবহার করব তখন পূর্ববর্তী principal clause-এর verb-টিকে অবশ্যই transitive হতে হবে। নীচের complex বাক্যগুলোতে object হিসেবে noun clause-এর ব্যবহার লক্ষ কর :

He says that his father is ill today.
I know that he was a good student.
We hope that she will prosper in life.
Nobody believed that he was a cheat.
I could not even imagine that he would betray me in this way.

অনেক সময় noun clause-এর প্রথম শব্দ ব্যবহার করে noun-টির পরিচয় দেয়া হয়। উপরের বাক্যগুলোতে প্রতিটা noun clause-ই "that" conjunction দিয়ে শুরু হয়েছে। অতএব, এই noun clause গুলোকে আমরা that clause বলতে পারি। দৈনন্দিন জীবনের spoken ইংরেজিতে আবার এই conjunction-টিকে পরিহারও করা যায়। যেমন, আমরা বলতে পারি :

I hope you will pass.
Everybody knows he is very honest.

একে আমরা conjunction omission বলতে পারি।

Noun clause ব্যবহারের ক্ষেত্রে *sequence of tenses* নামের একটা নিয়ম অনুসরণ করতে হয়। এই নিয়ম অনুসারে, principal clause-টায় present অথবা future tense-এর যে কোন aspect ব্যবহৃত হলে subordinate noun clause যে কোন tense-এর হতে পারবে কিন্তু principal clause-এ past tense থাকলে noun clause-এও past tense (যে কোন aspect) থাকতে হবে। নীচের বাক্যগুলো লক্ষ কর:

I think that she is sleeping.
He will not believe that I am in love.
He says that he was ill yesterday.
She said that she had gone to Australia.
They said that they would help us.

উপরের ১ম তিনটা বাক্যের principal clause present কিংবা future tense-এ হওয়ায় noun clause যে কোন tense-এ লেখা গেছে কিন্তু শেষের দু'টি বাক্যের principal clause past tense-এ হওয়ায় noun clause দু'টিতেও past tense ব্যবহার করতে হয়েছে।

তবে noun clause কোন universal truth বা চিরন্তন সত্য প্রকাশ করলে সেক্ষেত্রে sequence of tenses নিয়মটা প্রযোজ্য নয়। আমরা সেক্ষেত্রে past tense-এর principal clause-এর সঙ্গেও present tense-এর noun clause ব্যবহার করতে পারি। নীচের বাক্যগুলো লক্ষ কর :

He said that man is mortal.
The teacher said that honesty is the best policy.
They proved that the earth moves round the sun.

Noun clause শুধু "that" দিয়ে নয়, if, whether কিংবা যে কোন "wh" question word দিয়েও শুরু হতে পারে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

She asked if / whether I needed any help.
Do you know if/whether she is married?
I know how he got the job.
He did not understand what you said.
May I know why she came here?
They did not say where they had gone.
I can't say whose book it is.
We didn't know when they would come.

মনে রাখবে, কোন noun clause প্রশ্নবোধক শব্দ দিয়ে শুরু হলেও clause-টা আসলে interrogative নয়, এমন কি পুরো বাক্যটা interrogative হলেও। complex sentence-এর principal clause-টা interrogative হতে পারে কিন্তু Noun clause-এর word order (শব্দক্রম) হবে assertive clause-এর মত।

"Subject + Transitive verb + Noun clause as an object" pattern-এর complex sentence-এর passive রূপান্তর সম্ভব। যেমন :

Active : People believe that the earth is round.
Passive : It is believed that the earth is round.
Active : Everybody expected that the operation would be successful.
Passive : It was expected that the operation would be successful.
Active : My parents suggested that I should study abroad.
Passive : It was suggested by my parents that I should study abroad.

উপরের passive বাক্যগুলোতে principal clause গুলো passive form-এর আছে। এ ধরনের complex sentence-এ noun clause-টাও passive হতে পারে। যেমন :

They decided that the house should be sold.
We agreed that a picnic should be arranged.

আবার principal এবং subordinate উভয় clause-ই passive হতে পারে। যেমন :

It was proposed that a meeting should be held next week.
It was recommended that a new teacher should be appointed soon.

b) Indirect object-এর পরে direct object হিসেবে : নীচের simple sentence-টি লক্ষ কর :

He told me a story.

এই বাক্যটিতে দু'টো object আছে : "me" হচ্ছে indirect object এবং 'a story' হচ্ছে direct object. এখন "a story"-এর স্থলে আমরা যদি একটা clause বসাই তাহলে বাক্যটা হয়ে যাবে complex এবং সেই clause-টা হয়ে যাবে direct object. যেমন :

He told me that he would help me.

এখানে "He told me" হচ্ছে principal clause এবং "that he would help me" হচ্ছে subordinate noun clause যেটা ব্যবহৃত হয়েছে একটা indirect object-এর পরে direct object হিসেবে। এই position-এর noun clause-ও that, if, whether, how, when, how ইত্যাদি subordinating conjunction দিয়ে শুরু হতে পারে।

নীচের বাক্যগুলো লক্ষ কর :

He asked me where I was from.
She told her father that she would study medicine.
I shall show you what I am doing.
They have told me when they got married.
I am asking you if/whether you are interested in the film.
Can you send me what you have written?
He bought me whatever I wanted.

এ ধরনের complex বাক্যগুলোরও passive transformation সম্ভব। যেমন :

I was asked where I was from.
You will be shown what I am doing.
Can you send me what has been written so far?

উভয় clause এ (active voice-এ) transitive verb থাকলে passive-ও উভয় clause-ই হতে পারে। যেমন :

Can I be sent what has been written?

তবে এ ধরনের বাক্য সাবলীল ও শ্রুতিমধুর হয় না। সেজন্য এরকম passive বাক্য পরিহার করাই ভাল।

c) Direct object-এর আগে Indirect object হিসেবে : নীচের simple sentence-টা লক্ষ কর :

He told everybody his flying experience.

এখানে "everybody" হচ্ছে indirect object এবং "his flying experience" হচ্ছে direct object. এখন অন্য সব item ঠিক রেখে শুধুমাত্র indirect object-টা আমরা clause দ্বারা বদল করতে পারি। তখন বাক্যটা হবে complex এবং ঐ clause-টা হবে indirect object হিসেবে noun clause. যেমন :

He told whomever he met his flying experience.

এরকম আরো একটা বাক্য হচ্ছে :

I gave whatever I wanted to say a second thought.

তবে indirect object হিসেবে noun clause-এর ব্যবহার খুব বেশি দেখা যায় না।

d) Subject হিসেবে : Noun clause-কে আমরা complex sentence-এর শুরুতে subject হিসেবে ব্যবহার করতে পারি। নীচের complex sentence গুলো লক্ষ কর :

That the earth is round is known to all.
Whether he is married or not is a mystery.
What you are saying is not true.
When they will reach there is uncertain.
That he killed his brother was really cruel.
How we crossed the river was very exciting.
Why he was punished deserves explanation.

এখানে একটা জিনিস লক্ষণীয় যে, এই complex sentence গুলোর subject noun clause হওয়ায় principal clause-টা subject-বিহীন মনে নয়। এ ধরনের sentence-কে analysis করতে বলা হলে principal clause-এর subject হিসেবে "It" লিখতে হবে। যেমন, উপরের প্রথম বাক্যটির principal clause-এর subject হিসেবে "It" 'ব্যবহার করে clause-টিকে লিখতে হবে এভাবে : It is known to all. পুরো sentence-টিকে আবার এভাবেও লেখা যাবে : It is known to all that the

earth is round. সেক্ষেত্রে noun clause-টা হয়ে যাবে একটা postponed বা delayed subject.

Delayed subject হিসেবে ব্যবহৃত আরো কয়েকটা noun clause-এর উদাহরণ নীচের বাক্যগুলোতে দেখো :

It is a mystery where he lives.
It is not certain when they will arrive.
It was a pity that he was killed by his wife.
It hurt me that she committed suicide.
It is doubtful that he stole the money.
It was my pleasure that he visited me.

e) **Subject-এর complement হিসেবে :** আমরা জানি, linking verb-এর পরে nominal ব্যবহৃত হয় complement to the subject হিসেবে। নীচের simple sentence-টি লক্ষ কর :

This is my home.

এখানে "my home" হচ্ছে একটা noun phrase যা বাক্যটির subject-কে refer করে। অন্যভাবে আমরা বলতে পারি, This noun phrase is identical to the subject and that is why it is a complement to the subject. এখন subject এবং linking verb-কে ঠিক রেখে "my home"-এর জায়গায় আমরা একটা clause ব্যবহার করতে পারি। তখন ঐ clause-টা হবে noun clause এবং বাক্যটা হয়ে যাবে complex. যেমন :

This is where I live.

নীচের আরো কয়েকটা complex sentence-এ complement to the subject হিসেবে noun clause-এর ব্যবহার দেখো :

This is what I actually said.
Life is what we make it.
The question was whether we would accept his invitation or not.
This is whom you invited.
This is where I once lived.

f) **Object-এর complement হিসেবে :** আমরা জানি object-এর complement হিসেবে nominal ব্যবহৃত হতে পারে। নীচের simple sentence-টা লক্ষ কর :

He called me a genius.

এখানে "me" একটা object এবং এই object-এর complement হচ্ছে "a genius" কারণ "me" এবং "a genius" একই ব্যক্তি। এখন "a genius"-এর জায়গায়

noun clause ব্যবহার করলে সেই clause-টাই হবে পূর্ববর্তী object-টার complement এবং বাক্যটা হবে complex. যেমন :

He called me what I called him.

আমি তাকে যা বলেছিলাম সেও আমাকে তাই বলেছিল।)

অর্থাৎ এখানে বুঝানো হচ্ছে যে আমি তাকে genius বলেছিলাম এবং প্রত্যুত্তরে সেও আমাকে genius বলেছিল। এখানে এরকম আরো কয়েকটা বাক্য লক্ষ কর :

I called him what he wanted to be called.
We elected her what she contested for.
She made his son what he is.

g) Preposition-এর পরে completive হিসেবে : নীচের বাক্য দু'টি লক্ষ কর :

I listened to his speech.
I listened to what he said.

উপরের প্রথম বাক্যটি simple এবং এটাতে preposition-এর পরে completive হিসেবে একটা noun phrase (his speech) ব্যবহার করা হয়েছে। কিন্তু দ্বিতীয় বাক্যটিতে preposition-এর পরে completive হিসেবে একটা clause ব্যবহার করার ফলে বাক্যটি complex হয়েছে। আমরা জানি, a preposition is grammatically followed by a nominal এবং সেজন্যই উপরের দ্বিতীয় বাক্যটিতে "what he said" একটা noun clause. নীচের বাক্যগুলোতে noun clause গুলো লক্ষ কর:

There is no truth in what you are saying.
(তুমি যা বলছ তার মধ্যে কোন সত্যতা নেই।)
I have no objection to what you proposed.
This letter is from where I previously worked.
You can totally depend on whom I have sent to you.
We had no problem except that the weather was extremely hot.

h) Appositive হিসেবে : আমরা জানি, when two words, phrases or clauses in a sentence have the same reference, they are said to be in apposition. যেমন :

My teacher, Professor Rehman, was a great scholar.

এই বাক্যটিতে "My teacher" এবং "Professor Rehman" phrase দু'টি একই ব্যক্তিকে নির্দেশ করেছে। এদেরকে একে অন্যের appositive বলা হয়। উপরের বাক্যটি simple. এবার নীচের বাক্য দু'টি লক্ষ কর :

The news is false.
That he has been arrested is false.

এখানে ১ম বাক্যটি simple এবং-এর subject হচ্ছে একটা noun phrase (The news) কিন্তু ২য় বাক্যটি complex এবং-এর subject হচ্ছে একটা noun clause (That he has been arrested). এবার এই দু'টো item-কে পাশাপাশি লিখে আমরা একটা complex বাক্য তৈরি করতে পারি। যেমন :

The news that he has been arrested is false.

এখানে "The news" phrase-টা এবং "that he has been arrested" clause-টা দিয়ে একই ঘটনাকে বুঝানো হয়েছে। অতএব, noun clause-টিকে এখানে appositive হিসেবে ব্যবহার করা হয়েছে। Appositive হিসেবে noun clause-এর ব্যবহার নীচের বাক্যগুলোতেও লক্ষ কর :

The rumour that they got secretly married proved false.
We should not forget the fact that his condition is miserably poor.

মনে রাখবে, কোন বাক্যের দু'টো appositives-এর মধ্যে যে কোন একটা ব্যবহার করলেও বাক্যের grammatical বৈশিষ্ট্য বিনষ্ট হবে না। যেমন, আমরা বলতে পারি :

The rumour proved false.
That they got secretly married proved false.

এক্ষেত্রে আর তারা appositive থাকবে না। দু'টো nominal যখন পাশাপাশি বসে একই ব্যক্তি, বস্তু বা ঘটনাকে refer করে কেবল তখনই তাদেরকে appositive বলা হয়।

Noun clause-এর উপরোক্ত আট রকম ব্যবহার ছাড়াও আরো দু'টো ব্যবহার আছে : "Be" কিংবা অন্য কোন verb পরবর্তী adjective এবং noun-এর পরে। নীচের বাক্যগুলোতে noun clause-এর বিশেষ ব্যবহার লক্ষ কর :

I am glad that you have passed the exam.
He was sure that he would get the scholarship.
They were confident that they would win the match.
There is no doubt that he is an honest officer.
It's my pleasure that you are here with me.
He felt sorry that he could not meet me.
I have no idea where he lives now.

2. Adjective Clauses

Adjective এবং adjective phrase-এর মত adjective clause-এরও কাজ হচ্ছে noun/pronoun-কে modify করা। আমরা বলতে পারি, a subordinate clause which modifies a noun or pronoun in the principal clause in a complex sentence is called an *adjective clause*. নীচের বাক্যটি লক্ষ কর :

God helps those who help themselves.

এই বাক্যটিতে "God helps those" হচ্ছে Principal clause এবং-এর মধ্যে transitive verb-এর পরে একটা pronominal object (those) রয়েছে। এই pronoun-টিকে modify বা describe করার জন্য "who help themselves" clause-টা ব্যবহার করা হয়েছে। এটাই হচ্ছে subordinate adjective clause. এখন আমরা adjective clause সম্পর্কে বিস্তারিত জানব।

প্রথমে আমরা দেখব adjective clause কী ধরনের শব্দ দিয়ে শুরু হয় এবং তার grammatical function কী। নীচের বাক্যগুলো লক্ষ কর :

People who smoke are disgusting.
The book which I am reading is interesting.
I know the boy that came here.

এই তিনটা বাক্যে রঙিন হরফে লেখা clause গুলোকে বলা হয় adjective clause বা relative clause এবং যে শব্দগুলো দিয়ে (who, which এবং that) এই clause গুলো শুরু হয়েছে তাদেরকে বলা হয় relative pronoun. এদের কাজ হচ্ছে পূর্ববর্তী noun বা noun phrase-কে modify করা। যে শব্দ দিয়ে পূর্ববর্তী কোন শব্দকে refer করা হয় তাকে বলা হয় *anaphor* এবং পূর্ববর্তী যে শব্দকে পরবর্তী কোন শব্দ দিয়ে refer করা হয় তাকে *antecedent* বলা হয়। সেই হিসেবে উপরের তিনটা বাক্যে "who", "which" এবং "that" হচ্ছে anaphor এবং "People", "The book" এবং "the boy" হচ্ছে antecedent.

Adjective clause-এ ব্যবহৃত anaphor-এর grammatical function এক রকম নয়। নীচের উদাহরণগুলো লক্ষ কর :

I know the girl who is standing over there.
He killed the snake which appeared before him.
I talked with the man that came to see me.
I killed the mosquito that was disturbing me.

এখানে প্রত্যক anaphor-ই relative clause-এর subject হিসেবে কাজ করেছে। মনে রাখবে, "who" anaphor-টা ব্যবহৃত হয় শুধুমাত্র human antecedent-এর ক্ষেত্রে, "which" anaphor-টা ব্যবহৃত হয় শুধুমাত্র non-human (মানুষ ছাড়া অন্য

প্রাণী বা কীট-পতঙ্গ, বস্তু বা স্থান ইত্যাদি) antecedent-এর ক্ষেত্রে এবং "that" ব্যবহৃত হয় সব ধরনের antecedent-এর ক্ষেত্রে। উপরের চারটি বাক্যে ব্যবহৃত antecedent গুলো singular. Antecedent plural হলেও তোমরা এই anaphor বা relative pronoun গুলো ব্যবহার করতে পারবে। সেক্ষেত্রে subject হিসেবে ব্যবহৃত anaphor-এর পর plural verb ব্যবহার করতে হবে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

I know the girls who are talking there.
I saw the birds which were flying.
We helped the people that were needy.
I killed the mosquitoes that had disturbed me.

এই বাক্যগুলোর antecedents যেহেতু plural সেজন্য relative clause-এর subject হিসেবে ব্যবহৃত anaphors এবং তাদের সঙ্গে ব্যবহৃত verb গুলোও plural. মনে রাখবে, "who", "which" এবং "that"—এই তিনটা relative pronoun-ই শুধু একক শব্দ হিসেবে relative clause-এর subject হিসেবে কাজ করতে পারে। আরো মনে রাখবে, subject হিসেবে ব্যবহৃত relative pronoun-কে কখনও avoid বা পরিহার করা যায় না।

একটা complex sentence-এর দুই অবস্থানে adjective clause বসতে পারে। নীচের বাক্য দু'টি লক্ষ কর :

I know the man who works here.
The man who works here is known to me.

এখানে উভয় বাক্যেই "who works here" হচ্ছে subordinate adjective clause কিন্তু তাদের position ভিন্ন। প্রথম বাক্যে প্রথমে বসেছে principal clause (I know the man) এবং তার পরে এক পাশে বসেছে adjective clause. এই position-কে বলা হয় *lateral position* বা পার্শ্ববর্তী অবস্থান। কিন্তু দ্বিতীয় বাক্যটিতে principal clause-টি (The man is known to me) দুই ভাগে বিভক্ত হয়ে গেছে এবং এই দুই ভাগের (subject : The man এবং predicate: is known to me) মাঝখানে adjective clause-টি ঢুকে পড়েছে। Adjective clause-এর এই অবস্থানকে বলা হয় *Medial position* বা মধ্যবর্তী অবস্থান। নীচে আরো কিছু বাক্যে adjective clause-এর lateral এবং medial উভয় position লক্ষ কর :

I like the people who work hard.
The people who work hard prosper in life.
I bought the mangoes which were ripe.
The mangoes which were ripe were sold first.
I bought the vegetables that looked fresh.
The vegetables that looked fresh were costly.

যে anaphor বা relative pronoun দিয়ে adjective clause শুরু হয় সেটা ঐ clause-এর transitive verb-এর object হিসেবেও কাজ করতে পারে। Object হিসেবে কাজ করে এমন চারটা pronoun হচ্ছে whom, who, which এবং that. নীচের বাক্যগুলো লক্ষ কর :

The boy whom/who/that she loved has jilted her.

(যে ছেলেটিকে সে ভালবাসত সে তাকে প্রত্যাখ্যান করেছে।)

The book which/that I bought yesterday is missing.

(যে বইটা আমি গতকাল কিনেছিলাম সেটা খুঁজে পাচ্ছি না।)

প্রথম বাক্যে human antecedent-কে refer করতে whom, who কিংবা that ব্যবহার করা হয়েছে। মনে রাখবে object হিসেবে whom ব্যবহার করা হয় formal ইংরেজিতে এবং who/that ব্যবহার করা হয় informal ইংরেজিতে। দ্বিতীয় বাক্যটিতে non-human antecedent-কে refer করতে which কিংবা that ব্যবহার করা হয়েছে। এ ধরনের object-বিশিষ্ট adjective clause-ও lateral এবং medial উভয় position-এই বসতে পারে। নীচের উদাহরণগুলো লক্ষ কর :

I know the boy whom she loves.
I have bought the book which I needed.
The people whom we helped are really poor.
The toy which he saw there was very beautiful.
I like the man that you invited.
I read the book that he gave me.
The book that he gave me was very interesting.

Object হিসেবে ব্যবহৃত relative pronoun গুলো compulsory বা বাধ্যতামূলক নয়। এগুলো ব্যবহার না করলেও বাক্যের অর্থের কোন ক্ষতি হয় না। Zero relative pronoun ব্যবহার করে আমরা বলতে পারি :

I know the boy she loves.
The people we helped are really poor.
The toy he saw there was very beautiful.
I read the book he gave me.

যে চারটি relative pronoun (whom, which, who এবং that)-কে adjective clause-এর শুরুতে object হিসেবে ব্যবহার করা হয় তাদের মধ্যে দু'টির (whom এবং which) আগে preposition ব্যবহার করা যায়। অর্থাৎ adjective clause-টা তখন শুরু হবে preposition phrase দিয়ে এবং relative pronoun-টা হয়ে যাবে prepositional object বা completive. নীচের বাক্যগুলোতে adjective clause গুলো লক্ষ কর :

This is the man with whom I went there.
This is the city in which I live.
The table at which we sat was very big.
The box in which I kept the money was stolen.
This is the book from which I quoted these lines.
He is a man on whom you can totally depend.

উপরের বাক্যগুলোতে preposition-এর পরে তোমরা "who" কিংবা "that" ব্যবহার করতে পারবে না। যেমন : "This is the man with who/that I went there." বাক্যটি acceptable নয়।

তবে এ ক্ষেত্রে আরেকটা নিয়ম আছে। Informal ইংরেজিতে adjective clause-এর initial preposition-টিকে shift করে আমরা ঐ clause-এর terminal position বা শেষ প্রান্তে নিয়ে যেতে পারি। যেমন :

He is a man whom I always depend on.
This is the house which I live in.
The boy whom she fell in love with is my friend.
The chair which I sat on was not comfortable.

এই বাক্যগুলোতে তুমি "whom"-এর পরিবর্তে "who/that" ব্যবহার করতে পারো এবং "which"-এর স্থলে "that" লিখতে/বলতে পারো।

শুধু তাই না, preposition-টা দূরে চলে যাওয়ায় ইচ্ছে করলে তুমি relative pronoun-টাকে তোমরা বাদও দিতে পারো।

I know the boy who/that you were talking with.
অথবা
I know the boy you were talking with.
I have read the book which/that you are talking about.
অথবা
I have read the book you are talking about.
The man I borrowed the money from is very generous.
The bed they sleep in is very soft and comfortable.

এখন পর্যন্ত তোমরা শুধু relative pronoun-এর subject এবং object ফর্মগুলো দেখেছ। তোমাদেরকে জানতে হবে, an adjective clause may also start with the possessive form of a relative pronoun অর্থাৎ adjective clause-এর শুরুতে relative pronoun-এর possessive form-ও বসতে পারে। সাধারণ নিয়মে "who"-এর possessive form হচ্ছে "whose" এবং "which"-এর

possessive form হচ্ছে "of which". নীচের বাক্যগুলোতে এই possessive form দু'টির ব্যবহার লক্ষ কর :

This is the boy whose mother has recently died.
The girl whose bag is stolen is crying.
This is the club of which I am a member.
This book of which many pages are torn should be replaced.

তবে আধুনিক informal ইংরেজিতে non-personal antecedent-এর ক্ষেত্রেও "whose" possessive-টা ব্যবহৃত হয়। যেমন :

The book whose cover is torn is mine.
This is a village whose inhabitants are all muslims.

উপরের উদাহরণগুলো possessive-এর পরে noun যোগ করে noun phrase তৈরি করা হয়েছে। এ ধরনের noun phrase-এর আগে preposition যোগ করে prepositional phrase-ও বানানো যায়। যেমন :

The girl with whose mother you were talking is my friend.
The house in front of which there is a garden is ours.

অধিকাংশ adjective clause শুরু হয় relative pronoun দিয়ে। তবে কিছু কিছু ক্ষেত্রে adjective clause-এর শুরুতে where, when, why জাতীয় adverb-ও ব্যবহৃত হয়। তখন এই adverb গুলোকে relative adverb বলা হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

This is the place where I met her first.
The village where I was born is in the district of Sirajganj.
I know the time when he went there.
The time when I arrived here was very tough for me.
This is the reason why he left his village.
This is the way how we managed the situation.

অনেক সময় "when" এবং "why" adverb দু'টো avoid করা হয়। যেমন:

I know the time he met her.
This is the reason he visited me.

ইংরেজিতে "but" শব্দটাকেও adjective clauses-এর শুরুতে relative pronoun হিসেবে ব্যবহার করা যায়। এর দ্বারা negative অর্থ প্রকাশ করা হয়। নীচের বাক্য দু'টি লক্ষ কর :

There is no mother but loves her child.
There was no student but passed.

এখানে প্রথম বাক্যে adjective clause-টির অর্থ হচ্ছে "who does not love her child" অর্থাৎ "যে তার সন্তানকে ভালবাসে না" এবং দ্বিতীয় বাক্যে adjective clause-টার অর্থ হচ্ছে "who did not pass" অর্থাৎ 'যে পাশ করেনি'। এভাবে antecedent যদি non-human হয় তাহলেও "but" ব্যবহার করে তাকে refer করা যায়। যেমন :

There is no plant but grows.

এখানে "but grows"-এর অর্থ হচ্ছে "which does not grow".

এই অধ্যায়েই আমরা একটা সাধারণ নিয়ম হিসেবে বলেছি যে, adjective clause-এর subject হিসেবে ব্যবহৃত relative pronoun-কে কখনও বাদ দেয়া যায় না। কিন্তু একটা বিশেষ structure-এ এটা বাদ দেয়া যায়। যেমন :

There stands a man (who) wants to see you.

মনে রাখবে, এটা একটা ব্যতিক্রম এবং কেবলমাত্র এই structure-এ informal ইংরেজিতে "who"-কে পরিহার করা যায়।

এখন আমরা দু'রকম adjective/relative clause-এর কথা বলব—defining relative clause (যার অন্য নাম restrictive relative clause) এবং non-defining relative clause যার অন্য নাম non-restrictive relative clause.

The defining (or restrictive) adjective clause defines its antecedent by mentioning its specific characteristic. For example :

The man who is wearing sunglasses is my uncle.

এখানে যে লোকটার কথা বলা হয়েছে তার বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে তার চোখের রোদ চশমা। তার এই বৈশিষ্ট্যই তাকে অন্য মানুষ থেকে আলাদা করেছে। সেজন্যই এই clause-টাকে বলা হয় defining adjective clause. এই অধ্যায়ে এখন পর্যন্ত আমরা যত adjective clause-এর উদাহরণ দিয়েছি সেগুলো সবই defining বা restrictive adjective clause. এই ধরনের adjective clause-কে তার principal clause থেকে comma দ্বারা আলাদা করা হয় না। পক্ষান্তরে, নীচের বাক্যে ব্যবহৃত adjective clause-টি লক্ষ কর :

My brother, who lives in London, is a doctor.

এই adjective clause-টির দুই দিকে comma ব্যবহার করে তাকে principal clause (My brother is a doctor) থেকে আলাদা করা হয়েছে। এখানে বুঝানো হয়েছে যে বক্তার একটাই ভাই এবং তিনি একজন ডাক্তার। অতিরিক্ত তথ্য হিসেবে জানানো হয়েছে তিনি লন্ডনে থাকেন। লন্ডনে থাকার ব্যাপারটা তার কোন distinguishing characteristic নয়। এই ধরনের adjective clause-কে বলা হয় non-defining বা non-restrictive adjective clause. ইংরেজিতে আমরা বলতে

পারি, a non-defining adjective clause is one which gives some additional information about its antecedent but which does not define or restrict it. এ ধরনের adjective clause-এর আরো দু'টো example :

My father, who is now sixty, still plays football.
The tree, which created a big problem, was cut down.

Anaphor হিসেবে ব্যবহৃত relative pronoun শুধু principal clause-এর কোন noun বা pronoun-কেই refer করে না, এটা অনেক সময় পুরো principal clause-কেই refer করে। যেমন :

He takes drugs, which is a fatal addiction.

এখানে "which" anaphor-টার antecedent "drugs" নয়, পুরো principal clause. বাক্যটির অর্থ হচ্ছে, সে যে মাদকাসক্ত এই পুরো ব্যাপারটা একটা মারাত্মক আসক্তি। এরকম আরো দু'টো example :

His wife was killed in a road accident, which was a big tragedy in his life.
I got a scholarship, which delighted my parents.

কোন একটা principal clause-এর মধ্যে anaphor দিয়ে refer করার মত একাধিক antecedent থাকতে পারে। সেক্ষেত্রে anaphor-টা তোমরা যে noun-এর পাশে বসাবে সেটাই হবে তার antecedent. যেমন :

I killed a snake with a stick which was very big.

এই বাক্যের "which" snake-কে refer করে না, এটা refer করে strick-কে। সাপের বিশালত্ব বুঝাতে তোমাকে অন্যভাবে বাক্যটা লিখতে হবে। তুমি বলতে পারো :

I killed a big snake with a stick.
I killed a snake, which was very big, with a stick.

মোট কথা, adjective clause ব্যবহারের ক্ষেত্রে antecedent এবং anaphor-কে যথাসম্ভব কাছাকাছি বসাতে হবে। এখন আমরা adjective clause-যুক্ত complex sentence-এর passive transformation দেখাব।

এ ধরনের complex sentence-এর যে clause-এই (principal কিংবা subordinate) transitive verb এবং object (doee) থাকে সেটাকেই passive voice-এ রপান্তর করা সম্ভব। যেমন :

The book which I bought yesterday is missing.

এই বাক্যের শুধু adjective clause-টার মধ্যে transitive verb এবং object আছে। সুতরাং এটাকে passive করা যাবে। যেমন :

The book which was bought yesterday (by me) is missing.

আবার, "I helped the beggar who came to my door" বাক্যটিতে principal clause-টার মধ্যে transitive verb এবং object আছে। সুতরাং-এর passive form হবে এরকম :

The beggar who came to my door was helped (by me).

আবার, Everybody accepted the proposal that I gave বাক্যটার principal এবং subordinate উভয় clause-এরই passive transformation সম্ভব, কারণ উভয় clause-এই transitive verb এবং object আছে। সে ক্ষেত্রে এই বাক্যটার passive হতে পারে এরকম :

The proposal that was given by me was accepted by everybody.

Adjective clause যুক্ত complex sentence-এর আরো কিছু passive form (আংশিক অথবা পূর্ণ) দেখো :

The girl who danced on the stage was highly praised.
The man by whom this book is written is a renowned professor.
I bought all the medicines that were prescribed by the doctor.
The letter which I wrote to her was not eventually posted.
All the guests who have been invited should be properly entertained.

3. Adverbial Clauses

Adverb এবং adverbial phrase-এর মত adverbial clause-এরও function হচ্ছে কোন verb-কে modify করা। An adverbial clause is a subordinate clause in a complex sentence and it modifies the principal verb in the principal clause. অর্থাৎ subordinate clause হিসেবে adverbial clause-এর কাজ হচ্ছে principal clause-এর verb-কে modify করা। যেমন :

I shall go home after I finish this work.

এই বাক্যটিতে "I shall go home" হচ্ছে principal clause এবং "after I finish this work" হচ্ছে একটা subordinate clause. এই subordinate clause-

টির কাজ হচ্ছে principal clause-এর "go" verb-টিকে modify করা অর্থাৎ এই clause-টির মাধ্যমে আমরা জানতে পারি principal clause-এ উল্লিখিত কাজটি কখন ঘটবে। সেই বিবেচনায় এটা হচ্ছে একটা adverbial clause of time. Adverbial clause তার principal clause-এর verb-কে নানাভাবে modify করতে পারে এবং সে অনুসারে তার নামও ভিন্ন হয়ে থাকে। আমরা এখন adverbial clause-এর classification দেখাব। নীচে বিভিন্ন রকম adverbial clause আলোচনা করা হলো :

a) **Adverbial Clauses of Time :** These clauses tell us *when* the action mentioned in the principal clause takes place অর্থাৎ এই subordinate clause গুলোর মাধ্যমে আমরা জানতে পারি principal clause-এ উল্লিখিত কাজটি *কখন* সংঘটিত হয়। এই clause-এর শুরুতে যে conjunction গুলো ব্যবহৃত হয় তাদেরকে time conjunction বলা হয়, যেমন : when, while, before, after, whenever, till, until, as long as, since ইত্যাদি। নীচে এ ধরনের time conjunction গুলোর ব্যবহার লক্ষ কর

I played football when I was young.
When she speaks English, she makes a lot of mistakes.
See me whenever you visit Rajshahi.
Whenever you visit Rajshahi, you should see me.

এই বাক্যগুলোতে দেখতে পাচ্ছ, principal clause-কে যেখানে আগে ব্যবহার করা হয়েছে সেখানে দুই clause-এর মাঝখানে কোন comma নেই কিন্তু subordinate clause-কে আগে লিখলে সেখানে দুই clause-এর মাঝখানে comma ব্যবহার করা হয়েছে। তবে এই নিয়ম সব ক্ষেত্রে প্রযোজ্য নয়। কমা ব্যবহার না করেও time clause-কে প্রথম অবস্থানে লেখা সম্ভব। যেমন :

When you are tired you can take rest.
Whenever you are free you can see me.

উপরের বাক্যগুলোতে "when" অর্থ 'যখন' এবং "whenever" অর্থ 'যখনই'। এ দু'টি conjunction-এ সময়ের ব্যাপ্তি সম্পর্কে সুনির্দিষ্ট কোন ধারণা পাওয়া যায় না।

একটা কাজ ঘটার সাথে সাথে অন্য একটা কাজ ঘটলে তা বুঝাতে as, just as, as soon as জাতীয় time conjunction দিয়ে adverbial clause of time শুরু করা হয়। যেমন :

As he got the sad news he began to cry.
Give me a call as soon as you reach home.
Just as she saw me she left the place.
You should see me as soon as you can.

একটা কিছু ঘটতে না ঘটতেই (অর্থাৎ একটা কিছু ঘটার অব্যবহিত পরেই) আরেকটা কিছু ঘটে গেলে আমরা no sooner ... than ব্যবহার করি। এটি ব্যবহৃত হয় সাধারণত অতীতে সংঘটিত ঘটনার ক্ষেত্রে। যেমন :

No sooner had we reached the station than the train left.
No sooner did we start the journey than it began to rain.

এই structure-এ subordinate clause-এর word order এবং auxiliary verbs (had এবং did)-এর ব্যবহার লক্ষ কর।

একটা দীর্ঘ কাজের মাঝখানে অন্য একটা স্বল্পস্থায়ী কাজ ঘটে থাকলে দীর্ঘ কাজটা আমরা 'while' ব্যবহার করে adverbial clause-এ উল্লেখ করি। নীচের বাক্যগুলো লক্ষ কর :

Someone knocked at the door while I was eating dinner.
While I was walking in the morning, I saw a snake.
The telephone rang while we were watching a television drama.

দীর্ঘ কাজটির চলমান অবস্থা বুঝাতে past continuous tense ব্যবহার করা হয়েছে।

একটা কাজের আগে বা পরে আরেকটা কাজ হওয়া বুঝাতে adverbial clause-এর শুরুতে conjunction হিসেবে before কিংবা after ব্যবহার করা হয়। কাজ দু'টি ভবিষ্যতে, বর্তমানে এবং অতীতে হলে কোন্ clause-এ কোন্ tense ব্যবহৃত হয় তা নীচের উদাহরণগুলোতে দেখো:

I shall call you after I reach home.
Turn the light off before you go to bed.
After you have finished your work, you can do whatever you like.

বুঝতেই পারছ ভবিষ্যতের কাজ বুঝাতে adverbial clause-টাতে present tense ব্যবহার করা হয় এবং principal clause-এ future tense ব্যবহার করা হয়। Imperative clause কিংবা modal ব্যবহার করে ভবিষ্যতের ধারণা প্রকাশ করা যায়।

বর্তমানের habitual বা routine work বুঝাতে দুই clause-এই present simple tense ব্যবহার করা হয়। যেমন :

He gets up from bed before the sun rises.
I take a bath after I finish my morning work.

অতীতে একটার পর আরেকটা কাজ সংঘটিত হয়ে থাকলে পূর্বের কাজটা past perfect tense-এ লিখতে হয় এবং পরের কাজটা past simple tense-এ লিখতে হয়। যেমন :

The patient had died **before** the doctor came.
(ডাক্তার আসার পূর্বেই রোগী মারা গিয়েছিল।)
The doctor came **after** the patient had died.
(রোগী মারা যাবার পর ডাক্তার এসেছিলেন।)

দু'টো বাক্যের ঘটনা একই। আগের ঘটনা হচ্ছে রোগীর মৃত্যু এবং পরের ঘটনা হচ্ছে ডাক্তারের আসা। মনে রাখবে, আগের ঘটনা আগে main clause-এ উল্লেখ করলে adverbial clause শুরু হবে 'before' দিয়ে এবং পরের ঘটনা আগে main clause-এ উল্লেখ করলে adverbial clause শুরু হবে 'after' দিয়ে। এরকম অতীত ঘটনার আরো কিছু উদাহরণ লক্ষ কর :

He had phoned me **before** he left for Dhaka.
We started our journey **after** the sun had risen.
They reached the station **after** the train had left.
He had been sent aborad **before** he was twenty.
The room had been cleaned **before** the guests arrived.

এই বাক্যগুলো লেখা হয়েছে formal English-এর নিয়ম অনুযায়ী। Informal ইংরেজিতে উভয় clause-এই তোমরা past simple tense ব্যবহার করতে পারো। যেমন:

He called me **before** he left.
We ate dinner **after** she served it.

কোন একটা ঘটনা পর্যন্ত আরেকটা ঘটনা চলা বুঝাতে adverbial clause-এর শুরুতে till/until ব্যবহৃত হয়। Till এবং until-এর ব্যবহারও যে কোন tense-এ করা যায়। যেমন :

You can wait **till/untill** I finish the work.
We stayed there **till/until** the programme ended.
Will you stay here **till/until** I return?

"Till" এবং "until"-কে interchangeably (একটার পরিবর্তে আরেকটা) ব্যবহার করা যায়, তবে "until" is more formal than "till". বাক্যের শুরুতে অবশ্য "until"-ই বেশি ব্যবহৃত হয়। যেমন :

Until I come back, don't leave this place.
Until it was late evening, they continued their work.

Adverbial clause-এর শুরুতে time সম্পর্কিত conjunction হিসেবে আমরা "as long as", "as soon as" এবং "as early as" ব্যবহার করতে পারি। যেমন :

You can stay with us as long as you like.

Please visit me as soon as you can.

Send the letter to me as early as it is possible.

এখন আমরা একটা বিশেষ time conjunction-এর ব্যবহার দেখাব এবং সেটা হলো 'since'. এই conjunction-টির ব্যবহারে একটু বেশি সতর্ক থাকতে হয়। এটি subordinate clause-এর শুরুতে ব্যবহারের ক্ষেত্রে main clause এবং subordinate clause কোন tense-এ লিখতে হয় তা নীচের বাক্যগুলোতে লক্ষ কর :

Ten years have passed since my father died.

She has not phoned me since she went abroad.

One week has passed since I received her letter.

এই বাক্যগুলোতে অতীত ঘটনার সঙ্গে বর্তমানের সম্পর্ক দেখানো হয়েছে। এক্ষেত্রে principal clause-এ ব্যবহার করা হয়েছে present perfect tense এবং subordinate clause-এ ব্যবহার করা হয়েছে past indefinite tense. Informal ইংরেজিতে এই ফর্মূলায় principal clause-টিকে present simple tense-ও লেখা যায়। যেমন :

It's quite long since I visited her last.

How long is it since we met last?

কিন্তু দু'টো clause-ই অতীতের সঙ্গে related হলে principal clause লিখতে হয় past indefinite tense-এ এবং subordinate clause লিখতে হয় past perfect tense-এ। Look at the following examples :

It was long since I had last seen her.

Several years passed since he had gone abroad.

Since-যুক্ত উপরের সবগুলো adverbial clause-এ "since"-কে ব্যবহার করা হয়েছে time conjunction হিসেবে। পরবর্তীতে আরেক ধরনের adverbial clause-এ 'because' অর্থে "since"-এর ব্যবহার দেখতে পাবে।

b) Adverbial Clauses of Place : These adverbial clauses tell us *where* the action (mentioned in the main clause) takes place অর্থাৎ এই adverbial clauses-এর মাধ্যমে আমরা জানতে পারি main clause-এ উল্লিখিত কাজটি *কোথায়* ঘটে। এই clause-এর শুরুতে আমরা place সম্পর্কিত conjunction (যেমন, where, wherever, wheresoever, anywhere ইত্যাদি) ব্যবহার করি। নীচের উদাহরণগুলোতে adverbial clauses of place এবং তাদের অবস্থান লক্ষ কর :

Where there is a will, there is a way.
Fools rush in where angels fear to tread.

Adverbial clause of place-এর এ দু'টি খুব বিখ্যাত উদাহরণ। প্রথম বাক্যটি একটি প্রবাদ বাক্য এবং দ্বিতীয়টি ইংরেজ কবি Alexander Pope-এর *An Essay on Criticism* থেকে নেয়া। প্রথম বাক্যটিতে adverbial clause আগে বসেছে বলে তার শেষে comma ব্যবহার করা হয়েছে এবং দ্বিতীয় বাক্যে principal clause আগে বসেছে বলে কমার কোন প্রয়োজন হয়নি। নীচের complex বাক্যগুলোও দেখো এবং subordinating conjunction গুলো লক্ষ কর। মনে রাখবে adverbial clause-এর কাজ হচ্ছে main clause-এর verb-কে modify করা।

They can sit wherever they like.
Wherever he goes, he takes his wife with him.
You can go wheresoever you please.
Can I sleep anywhere I like?

নীচের বাক্য দু'টিতে আরো দু'টি place-related conjunction লক্ষ কর :

We walked as far as the garden stretched.
Try to come as close as you can.

এই conjunction দু'টি যথাক্রমে স্থানিক দুরত্ব এবং নিকটত্ব বুঝায়।

c) **Adverbial Clauses of Manner :** These clauses answer the question 'how'? অর্থাৎ adverbial clause of manner আমাদেরকে জানায় principal clause-এ উল্লিখিত কাজটি *কীভাবে* ঘটে। এ ধরনের clause শুরু হয় how, like, as, however জাতীয় conjunction দিয়ে যাদের কাজ হচ্ছে slowly, quickly, hard, fast ধরনের adverbial of manner-কে replace করা। যেমন :

It is raining very hard.

এই বাক্যটিতে "very hard" একটা adverbial phrase of manner এবং এই phrase-টার বদলে আমরা একটা clause ব্যবহার করে বলতে পারি, It is raining *like the sky is falling*. এটি একটা complex sentence এবং "like the sky is falling" হচ্ছে একটা adverbial clause of manner. এ ধরনের clause-এর আরো কয়েকটা উদাহরণ লক্ষ কর :

You can do it as you like.
Do unto others as you would be done by.
(অন্যের কাছ থেকে যেমন আচরণ আশা কর তুমিও তাদের সঙ্গে সেরকম আচরণ কর।)
Children behave how their parents behave.

As you sow, so shall you reap. (তুমি যেভাবে কাজ করবে সেভাবে ফল পাবে।)

However hard you try, you can't do it.

এই বাক্যগুলোর ক্ষেত্রেও যেগুলো adverbial clause দিয়ে শুরু হয়েছে সেগুলোতে adverbial clause-এর পরে comma ব্যবহার করা হয়েছে।

d) Adverbial Clauses of Condition : These subordinate clauses are called conditional clauses and the complex sentences in which they appear are called *conditional sentences*. অর্থাৎ এ ধরনের adverbial clause-কে বলা হয় conditional clause এবং যে complex sentence-এ এরা ব্যবহৃত হয় তাকে বলা হয় conditional sentences. "Conditional" শব্দটির অর্থ হচ্ছে depending on something else. এ থেকে আমরা বুঝি যে, complex conditional sentence-এর main clause-এ উল্লিখিত কাজটি তার subordinate clause-এ উল্লিখিত কাজটির উপর নির্ভরশীল। Adverbial clause-টির কাজটি ঘটলেই শুধু principal clause-এর কাজটি ঘটবে। যেমন : If the weather is good, we will go for a picnic next week. এই বাক্যটিতে বুঝানো হয়েছে যে আমাদের আগামী সপ্তাহে পিকনিকে যাওয়ার ব্যাপারটা আবহাওয়া ভাল থাকার উপর নির্ভরশীল। আবহাওয়া ভাল থাকলে পিকনিকে যাওয়া হবে কিন্তু আবহাওয়া ভাল না থাকলে পিকনিকে যাওয়া হবে না। এক্ষেত্রে "if" দিয়ে শুরু হওয়া adverbial clause-কে বলা হয় *if-clause* বা *protasis* এবং principal clause-কে বলা হয় *then-clause* বা *apodosis*. নীচের conditional sentence গুলোতে protasis এবং apodosis-এর ব্যবহার ও position লক্ষ কর :

If you work hard, you can pass the test.
I shall help you if you need my help.
If you are ready, we can start now.
We will accept the proposal if it is good.

সাধারণত "if-clause"-টা আগে বসলে তার পরে একটা comma ব্যবহার করতে হয়। Protasis বা if-clause-এর শুরুতে শুধু "if" নয়, "unless" কিংবা "provided"-ও বসতে পারে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

You will miss the bus unless you run. (unless = if not / যদি না)
We can go out provided the weather is good.

এর বাইরে আরও অন্যভাবে তুমি protasis শুরু করতে পারো। যেমন :

In case it rains, we will postpone the picnic.
I shall forgive you on condition that you apologize.

Conditional clause অনেক রকম হতে পারে। তবে আমরা এখানে শুধু প্রধান type গুলো আলোচনা করব।

Zero Conditional

এই conditional দ্বারা habitual facts বা সচরাচর ঘটে এমন কাজকে বুঝানো হয়। এ ক্ষেত্রে principal এবং subordinate উভয় clause-এই present simple tense ব্যবহার করা হয়। যেমন :

If it rains very hard, these streets go under water.
If winter comes, can spring be far behind?
Water evaporates if it is boiled.
Nobody goes unpunished if they violate any rule here.
If I make any mistake, he corrects it.

First Conditional

এই ধরনের conditional sentence ব্যবহার করে আমরা probable বা certain future event সম্পর্কে কথা বলে থাকি। এক্ষেত্রে if-clause-এ present tense এবং apodosis অংশে imperative কিংবা future tense ব্যবহার করা হয়। Future tense-এ shall, will, must, should, can, could, may, might জাতীয় modal-এর পরে মূল verb-এর base form ব্যবহার করতে হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

If I have time, I shall visit you.
If you don't leave, I will call the police.
Will you attend the party if you are invited?
If you disobey me, you must be sacked.
If they don't get stuck in a traffic jam, they will be here by 8 pm.
If you are free, come and have dinner with me.
If you have made any mistake, correct it.
If we are able, we might do the work tomorrow.
If you have sufficient money, you should buy a car.

লক্ষ করে দেখো, উপরের বাক্যগুলোতে "be" verb, action verb এবং possession verb-সব ধরনের verb-ই if-clause-এ ব্যবহার করা হয়েছে এবং principal clause-এও বিভিন্ন modal ব্যবহার করা হয়েছে। দু'টি clause-এর যে কোনটাতে অথবা উভয়টাতে passive voice ব্যবহার করাও সম্ভব। যেমন :

If I am invited, I shall attend the party.
If you don't work well, you will be sacked.
If the work is not done in time, you will be punished.

First conditional sentence-এর if-clause-এ "will ব্যবহার করে সংশ্লিষ্ট ব্যক্তির willingness প্রকাশ করা হয়। যেমন :

Don't hesitate if you will stay here for some more time.
If he will accompany me, I will be happy.

Second Conditional

This conditional deals with a hypothetical future action অর্থাৎ এই conditional ব্যবহার করে এমন ধরনের ভবিষ্যৎ কাজের কথা বলা হয় যা ঘটার কোন সম্ভাবনা নেই। এটা এক ধরনের কাল্পনিক (imaginary) ভবিষ্যৎ। এ ক্ষেত্রে if-clause-টা লিখতে হয় past tense-এ এবং principal clause-এ would/could/might-এর সঙ্গে মূল verb-এর base form বসাতে হয়। নীচের বাক্যগুলোতে if-clause-এর 'be' verb, action verb এবং possession verb-এর ব্যবহার দেখো এবং principal clause-এ ব্যবহৃত modal এবং মূল verb-এর base form গুলো ভাল করে লক্ষ কর :

If I were rich, I would help the poor.
If you were a bird, you could fly in the sky.

এই structure-এ if-clause-এর "be" verb হিসেবে যে কোন subject-এর সঙ্গেই "were" বসে। তবে informal ইংরেজিতে subject-এর সঙ্গে সঙ্গতি রেখে "was"-ও ব্যবহার করা যায়। যেমন :

If I was you, I would not do it.

যে clause-টিতে "were" ব্যবহার করা হয় সেটার ভিন্ন structure এরকম হতে পারে :

Were I rich, I would help the poor.
Were he our leader, I would welcome him.

অর্থাৎ "were"-কে subject-এর আগে বসালে "if" conjunction-টির প্রয়োজন হয় না। Possession verb-এর ক্ষেত্রেও adverbial clause-টা এরকম দু'ভাবে লেখা যায়। যেমন :

If I had sufficient money, I would buy a flat in Dhaka.
Or,
Had I sufficient money, I would buy a flat in Dhaka.
If I had the wings of a bird, I could fly.
Had I the wings of a bird, I could fly.

কিন্তু if-clause-এ action verb থাকলে সেই "if"-কে বাদ দিয়ে বিকল্প structure ব্যবহার করা সম্ভব নয়। Action verb-যুক্ত নীচের conditional clause গুলো লক্ষ কর :

If they invited me, I would/could/might attend their party.
If you did not smoke, you could save a lot of money.

মনে রাখবে এই structure-এ main clause-এ "could not" ব্যবহার করা যায় না, তবে "would not" বা "might not" ব্যবহার করা সম্ভব। যেমন : Even if they invited me, I would/might not attend their party. Action verb-যুক্ত আরো কয়েকটা conditional clause দেখো :

If I won the lottery, I would travel around the world.
If you worked hard, you could pass the exam.
I might not go out if it rained to-night.
If you married her, you would be happy.

আগেই বলা হয়েছে, এই বাক্যগুলোর "if"-কে পরিহার করা যায় না। তবে if clause-টা passive হলে সেই clause-এর "were"-কে subject-এর আগে এনে "if"-কে পরিহার করা সম্ভব। নীচের বাক্যগুলো লক্ষ কর :

Were I invited by them, I would attend the party.
Were he requested, he would certainly come.
Were the book published soon, it would be very good for us.

শুধুমাত্র hypothetical future event নয়, formal polite request বুঝাতেও আমরা second conditional ব্যবহার করতে পারি। যেমন :

I would be grateful to you if you granted me two days' leave.
Would you mind if I asked you to close the door?

এ দু'টো বাক্যই polite request প্রকাশ করেছে, hypothetical বা unrealistic future action নয়। এ ধরনের polite request-এর ক্ষেত্রে if-clause বা protasis-টা সাধারণত then-clause বা apodosis-এর পরেই বসে।

Third Conditional

This conditional refers to actions that might have happened in the past but that actually did not happen অর্থাৎ অতীতের যে কাজটি ঘটতে পারত কিন্তু প্রকৃতপক্ষে ঘটেনি সেটা বুঝাতে third conditional ব্যবহৃত হয়। অন্যভাবে বলা যায়, third conditionals deal with past hypothetical actions. যেমন, আমরা যদি বলি "If he had worked hard, he could have passed the exam.", তাহলে বুঝতে হবে যে, তিনি যদি কঠোর পরিশ্রম করতেন তাহলে পরীক্ষায় পাশ করতেন। এটি একটা অতীত সম্পর্কিত বাক্য। এর অন্তর্গত অর্থ হচ্ছে, তিনি পরিশ্রম করেননি এবং পরীক্ষায় পাশও করতে পারেননি।

এ ধরনের third conditional sentence-এর if-clause-টা লিখতে হয় past perfect tense-এ এবং principal clause-এ ব্যবহার করতে হয় would/ could/ might-এর পর have এবং মূল verb-এর past participle form. নীচের বাক্যগুলো লক্ষ কর:

If they had been present there, such things would not have happened.
If they had had money, they might have bought a house.
If they had invited me, I would have attended the party.
What would you have done if you had been the chairman?
If you had started the work in the morning, it could have been finished by evening.

এই বাক্যগুলোর if-clause-এ "be" verb, possession verb এবং action verb-এর ব্যবহার আছে। এই clause গুলোর প্রত্যেকটাই "if" ছাড়া rewrite করা সম্ভব। যেমন :

Had they been present there, _____ .
Had they had money, _____ .
Had they invited me, _____ .
_____ had you been the chairman?
Had you started the work in the morning, _____ .

Third conditional-এর সব বাক্যই অতীত সম্পর্কে। এদের অর্থ হচ্ছে এরকম : অতীতে যদি if-clause-এর ঘটনাটা ঘটত, তাহলেই কেবল principal clause-এর ঘটনাটা ঘটত। যেমন, তারা যদি আমাকে দাওয়াত দিত তাহলে আমি অনুষ্ঠানটিতে যোগ দিতাম।

Mixed Conditional

This conditional is a mixture of third and second conditionals অর্থাৎ এই conditional-এর complex sentence-এর if-clause বা protasis-এ উল্লেখ থাকবে একটা past hypothetical action বা situation এবং then-clause বা apodosis-এ উল্লেখ থাকবে একটা hypothetical future action. ব্যাপারটা এরকম যে অতীতে যদি কোন কিছু ঘটত (কিন্তু ঘটেনি), তাহলে ভবিষ্যতেও অন্য কিছু ঘটত (কিন্তু ঘটার কোন সম্ভাবনা নেই)। নীচের বাক্যটি লক্ষ কর :

If he had invited me to his party, I would also invite him to my party.

এখানে বুঝানো হয়েছে যে, বক্তা যার কথা বলছেন তাঁর অনুষ্ঠানটি অতীতে অনুষ্ঠিত হয়ে গেছে এবং তিনি তাঁকে (বক্তাকে) দাওয়াত দেননি, সেজন্য বক্তার বাড়িতে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে তিনি তাকে দাওয়াত দিবেন না। বাক্যটার অর্থ হচ্ছে এ রকম : তিনি যদি তাঁর অতীতে অনুষ্ঠিত পার্টিতে আমাকে দাওয়াত দিতেন তাহলে আমিও তাঁকে আমার ভবিষ্যতে অনুষ্ঠিতব্য পার্টিতে দাওয়াত দিতাম। এ ধরনের আরো তিনটি বাক্য লক্ষ কর :

If my father had been a doctor, I would also be a doctor.
If he had had a car, I would also have a car.
It they had helped me in the past, I would also help them in future.

উপরের তিনটা বাক্যকেই "if" বাদ দিয়ে rewrite করা সম্ভব। যেমন :

Had they helped me, I would also help them.

উপরে আমরা পাঁচ ধরনের conditional sentence নিয়ে আলোচনা করেছি। নীচে সব ধরনের conditional-এর উদাহরণ এক সঙ্গে আবার দেখো :

Zero Conditional : If the weather is cold, we use blankets.
First Conditional : If you see me tomorrow, I shall be very happy.
Second Conditional : If you lent me some money, I would be very grateful to you.
Third Conditional : If you had walked fast, you could have caught the train.
Mixed Conditional : If he had sought my help, I would also seek his help.

মনে রাখবে, zero conditional-এ নৈমিত্তিক ঘটনা বুঝানো হয় এবং উভয় clause-এই present simple tense ব্যবহার করা হয়। First conditional দিয়ে probable future action বুঝানো হয় এবং if-clause-এ present tense এবং then-clause-এ future tense ব্যবহার করা হয়। Second conditional দিয়ে hypothetical future action বুঝানো হয়। এই conditional-এ "if-clause"-এ past indefinite এবং "then-clause"-এ would / could + bare infinitive ব্যবহার করা হয়। Third conditional দিয়ে past hypothetical action বুঝানো হয়। এ ক্ষেত্রে subordinate clause-এ past perfect tense এবং main clause-এ would/could + have + past participle ব্যবহার করা হয়। সর্বশেষ Mixed conditional-এ if-clause-এ past perfect tense এবং then-clause-এ would/could-এর সঙ্গে bare infinitive ব্যবহার করা হয়।

e) **Adverbial clauses of Cause/Reason :** These subordinate clauses state the cause of or reason for the action mentioned in the principal clause অর্থাৎ এই subordinate clause-এর কাজ হচ্ছে principal clause-এ উল্লিখিত কাজের কারণ উল্লেখ করা। অন্যভাবে বলা যায়, এই ধরনের adverbial clause-যুক্ত complex sentence-এ একটা cause এবং তার effect থাকে। যেমন :

As the weather was bad, the match was cancelled.

এই বাক্যটিতে subordinate clause-এ খারাপ আবহাওয়ার কথা বলা হয়েছে এবং principal clause-এ খেলা বাতিলের কথা বলা হয়েছে। খারাপ আবহাওয়া হচ্ছে খেলা বাতিলের cause বা reason এবং খেলা বাতিল হচ্ছে খারাপ আবহাওয়ার একটা effect.

এ ধরনের adverbial clause শুরু হয় as, because এবং since—এই তিনটার যে কোন একটা conjunction দিয়ে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

As I was ill yesterday, I could not attend the meeting.
Because he voted for me, he got my favour.
Since it rained yesterday, we could not go out.

এই বাক্যগুলো subordinate clause-এর position আগে, বিধায় তার পরে comma ব্যবহার হয়েছে। Principal clause আগে লিখলে দুই clause-এর মাঝখানে comma-এর প্রয়োজন হয় না। যেমন :

I wear glasses as my eye-sight is poor.
I like him because he is a nice person.
He forgave her since she sincerely apologized.

Adverbial clause of cause-এর শুরুতে conjunction হিসেবে "for" এবং "that"-ও ব্যবহার করা যায়। যেমন :

He was fired for he misbehaved with his boss.
We rejoice that we have won the game.

f) **Adverbial clauses of concession :** These clauses (also called concessive clauses) acknowledge or admit a factor that modifies the main clause অর্থাৎ এই clause-এর কাজ হচ্ছে principal clause-কে modify করে এমন কোন তথ্যকে স্বীকার করে নেয়া। Concession বা concessive শব্দটির পেছনের verb হচ্ছে 'concede' যার অর্থ হচ্ছে স্বীকার করে নেয়া। An adverbial clause of concession gives information which contradicts with the information given in the principal clause অর্থাৎ এই clause-এর তথ্য এবং principal clause-এর তথ্য

পরস্পরবিরোধী। এক তথ্যের ভিত্তিতে যেরকম তথ্য প্রত্যাশা করা হয় সেরকমটা আসলে ঘটে না। যেমন :

Although she is beautiful, nobody likes her.

এখানে প্রথম clause-এর তথ্য অনুযায়ী সবারই তাকে পছন্দ করার কথা। কিন্তু বাস্তবে কেউ তাকে পছন্দ করে না। অর্থাৎ এই বাক্যটির মধ্যে একটা ironic element আছে। Irony বলতে আমরা বুঝি difference between appearance (আপাত দৃষ্টিতে যা মনে হয়) and reality (যা প্রকৃতপক্ষে দেখা যায়)। Adverbial clauses of concession শুরু হয় although, though, even if এবং despite the fact that ধরনের suborinating conjunction দিয়ে। Look at the following example :

Although he was tired, he could not take rest.
Though it was raining, we went out.
Even though the work was hard, I enjoyed doing it.

এই উদাহরণগুলোতে adverbial clause-টি আগে লেখা হয়েছে বলে এর পরে comma ব্যবহার করা হয়েছে। Principal clause আগে লিখলে comma ব্যবহার করতে হয় না। যেমন :

